

চেয়ারম্যানের বিরুদ্ধে ছাত্রী নিপীড়নের অভিযোগ জাবির নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা বর্জন শুরু

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের চেয়ারম্যান আহমেদ সানীর বিরুদ্ধে ছাত্রী নিপীড়নের অভিযোগ ডুলে তার স্থায়ী বহিষ্কারের দাবিতে লাগাতার ক্লাস ও পরীক্ষা বর্জন করতে শুরু করেছে বিভাগের শিক্ষার্থীরা।

গতকাল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করে বিভাগের শিক্ষার্থীরা। এদিকে গতকাল তিন সদস্যের একটি সভাসভা যাচাই কমিটি গঠন করেছে প্রশাসন। বিভাগের চেয়ারম্যান ও অ্যাসোসিয়েট প্রফেসর মুনোয়ার হুসেনের (আহমেদ সানী) বিরুদ্ধে শনিবার বিভাগের দ্বিতীয় বর্ষের চার ছাত্রী জনের ওপর নিপীড়ন চালানোর অভিযোগ আনেন। পরে

ওই ব্যাচ ও বিভাগের সব শিক্ষার্থী ওই শিক্ষকের অপসারণ দাবি করে ভিসি বরাবর স্মারকলিপি দেয়। একই দাবিতে গতকাল সকালে শিক্ষার্থীরা মৌন মিছিল ও ভিসি অফিসের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে। পরে তারা ট্রান্সপোর্ট চত্বরে এক সমাবেশে মিলিত হয়। এ সময় তাদের সঙ্গে সংশ্লিষ্ট প্রকাশ করে প্রগতিশীল ছাত্রজোট ও সাংস্কৃতিক জোট।

আহমেদ সানীর বিরুদ্ধে অভিযোগের পরিপ্রেক্ষিতে গতকালই প্রফেসর শামসুল আলমকে প্রধান করে তিন সদস্যের সভাসভা যাচাই কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কমিটির অন্য দুই সদস্য হচ্ছেন প্রফেসর কাঞ্চন চৌধুরী ও ফারজানা ইসলাম।